পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৭-৫৫৮৮
e-mail : stcoorco@bsnl.in


৩৫

ক্রমিক নং ঃ কো-অর্ডি - ০৪ / ১৬ তারিখ ঃ ১১/০১/২০১৬

মাননীয় চেয়ারম্যান
ষষ্ঠ বেতন কমিশন

বিষয় : রাজ্য সরকারী কর্মচারীদের জন্য ইন্টারিম রিলিফ-এর সুপারিশ প্রসঙ্গে

মহাশয়,

সম্প্রতি কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য গঠিত সপ্তম বেতন কমিশন কেন্দ্রীয় সরকারের নিকট তাদের সুপারিশ পেশ করার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার রাজ্য সরকারী কর্মচারী ও অন্যান্য সংস্থার কর্মচারীদের জন্য ষষ্ঠ বেতন কমিশন গঠন করেছেন। এই কমিশনের চেয়ারম্যান হিসাবে আপনি কার্যভার গ্রহণ করেছেন।

এর পরিপ্রেক্ষিতে আমরা আপাতত একটি গুরুত্বপূর্ণ প্রসঙ্গ আপনার নজরে আনতে চাই।

আপনি হয়ত জানেন বর্তমানে রাজ্য সরকারী কর্মচারীদের বেতন-ভাতা ও মহার্ঘভাতার প্রশ্নে অতীতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের প্যাটার্ন (pattern) নীতিগতভাবে অনুসরণ করতেন এবং বেশ কিছু ক্ষেত্রে (সর্বনিম্মস্তরে কর্মচারীদের ন্যুনতম বেতন, উন্নততর বেতনক্রম ও অন্যান্য সুযোগসমূহ) রাজ্য সরকারী কর্মচারীদের অবস্থান ছিল কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের চেয়ে উন্নততর।

বর্তমানে রাজ্য সরকারী কর্মচারীরা ৫৪ (চুয়ান্ন) শতাংশ মহার্ঘভাতা কম পাচ্ছেন। জানুয়ারী,২০১৬ মাস থেকে ১০ (দশ) শতাংশ মহার্ঘভাতা বরাদ্দ হলেও বকেয়ার পরিমাণ রয়ে যাচ্ছে ৪৪ (চুয়াল্লিশ) শতাংশ। কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের প্রাপ্তব্য অন্ততঃ ৬ (ছয়) শতাংশ মহার্ঘভাতা ধরে নিলে ১লা জানুয়ারী, ২০১৬ থেকে ব্যবধান দাঁড়ায় ৫০ (পঞ্চাশ) শতাংশ যা মূল বেতনের ( বেতন + গ্রেড পে) অর্ধেক। এর ফলে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের সঙ্গে রাজ্য সরকারী কর্মচারীদের ফারাক কার্যত বিপুল। রাজ্য ষষ্ঠ বেতন কমিশনের সুপারিশ প্রদানের আগে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের সপ্তম বেতন কমিশনের সুপারিশ রূপায়িত হলে এই ফারাক আরও বহুগুণ বৃদ্ধি পাবে।

এমত পরিস্থিতিতে আপনার নিকট আমাদের সুনির্দিষ্ট দাবী হল ষষ্ঠ বেতন কমিশনের সুপারিশ চুড়ান্তকরণ ও কার্যকরী করা সাপেক্ষে অর্ন্তবর্তীকালীন ব্যবস্থা হিসাবে রাজ্য সরকারী কর্মচারীদের জন্য ২৫ (পঁচিশ) শতাংশ ইন্টারিম রিলিফ (Interim Relief) ন্যুনতম ২০০০ টাকা অবিলম্বে সুপারিশ করা হোক।

আশাকরি, মূল্যবৃদ্ধি, মুদ্রাস্ফীতির চাপে জর্জরিত কর্মচারী সমাজের বিপুল বঞ্চনার কথা মাথায় রেখে আপনি ষষ্ঠ বেতন কমিশনের চেয়ারম্যান হিসাবে বিষয়টি সহৃদয়তার সাথে বিবেচনা করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে উদ্যোগী হবেন।

ধন্যবাদান্তে,

ভবদীয়
(স্বাক্ষর)
সাধারণ সম্পাদক